



ইসলামিক ফাউন্ডেশন

বিভাগীয় কার্যালয়

২৭৪, শালবাগান, রাজশাহী।

Email:- ifrajshahi@gmail.com

স্মারক নং: ১৬.০১.৮১০০.০২১.০১.০০৪.১৬-১৬৪

তারিখ: ০১/১১/২০২৩-খ্রি.

বরাবর

খতিব/ ইমাম

.....
.....।

বিষয়ঃ মাদকাসক্তির ক্ষতিকর দিক তুলে ধরে পবিত্র কুরআন হাদিসের আলোকে জুম'আ খুৎবায় আলোচনা রাখা প্রসঙ্গে।

জনাব

আসসালামু আলাইকুম।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, মানুষের জন্য যা কল্যাণকর, পবিত্র, উত্তম ও উপাদেয় তা আল্লাহপাক হালাল করে দিয়েছেন, আর যা অবপবিত্র, অনুপাদেয় ও অকল্যাণকর তা হারাম ও নিষিদ্ধ করে দিয়েছেন। আল্লাহপাক বলেছেন- “পবিত্র বস্তু থেকে তোমাদের যা জীবিকা হিসেবে দিয়েছি তোমরা তা আহার কর’। (সূরা বাকারা:১৭)। মহানবী (স:) বলেন , “মাদকাসক্ত ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না।” তিনি আরো ইরশাদ করেন , “যাবতীয় নেশার বস্তু হারাম” । যে ব্যক্তি দুর্গন্ধযুক্ত দ্রব্য খায় সে যেন (ঐ অবস্থায়) মসজিদের নিকটবর্তী না হয়।” গ্রহণ ও বর্জন সম্পর্কে আল্লাহপাক ও রাসুল (স:) এর সুস্পষ্ট বিধিনিষেধ থাকা সত্ত্বেও কিছু লোক সর্বনাশা বর্জনীয় জিনিসের ফাঁদে পড়ে মাদকাসক্তির মতো মারাত্মক বদ অভ্যাসে অভ্যস্ত হয়ে পড়ে।

মাদকাসক্তি নৈতিক ও সামাজিক অবক্ষয় সৃষ্টি করে মানুষকে চিন্তবিভ্রম, অস্থির ও উচ্ছৃঙ্খল করে তোলে। ব্যভিচার ও নর হত্যার মতো জঘন্য অপরাধগুলোর অধিকাংশ মাদকাসক্তির পরিণাম ।

মাদকাসক্তি মানবদেহের মারাত্মক ক্ষতি করে । হজম শক্তি নষ্ট , খাবারে অরুচি , অপুষ্টি , কাশি ও যক্ষ্মা রোগের সৃষ্টি করে। মাদক গ্রহণে মানুষের বিবেক ও বোধ শক্তি দুর্বল হয়ে যায় । হারিয়ে ফেলে মানুশিক ভারসাম্য । অথচ এ মাদকাসক্ত হয়ে বিপদগামী হচ্ছে অসংখ্য মানুষ । অপচয় হচ্ছে অর্থ , কলুষিত হচ্ছে সমাজ , ক্ষতিগ্রস্ত হচ্ছে পরিবার, দেশ ও জাতি ।

এমতাবস্থায়,এ থেকে পরিত্রাণের জন্য ইসলামের মানবতাবাদী গঠনমূলক শিক্ষাগুলো সমাজের সর্বস্তরে প্রচারের মাধ্যমে জনসাধারণকে সচেতন করা প্রয়োজন । তজ্জন্যে সামাজিক মূল্যবোধ সৃষ্টির ক্ষেত্রে একজন সম্মানিত খতিব/ইমাম হিসেবে সামাজিক অবক্ষয় মূলক মাদকাসক্তিসহ বিভিন্ন বিষয়ের ক্ষতিকর দিক তুলে ধরে পবিত্র কুরআন ও হাদিসের সুস্পষ্ট বর্ণনার আলোকে শুক্ৰবার জুম'আর খুতবা কিংবা যে কোনো ধর্মীয় সমাবেশে আলোচনা পেশ করে জনসাধারণকে সচেতন করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি। এতে নৈতিক দায়িত্ব পালনের পাশাপাশি আমরা সকলে সরকারের একটি গুরুত্বপূর্ণ কাজে অংশীদার হওয়ার গৌরব অর্জন করতে পারব ।


মহান আল্লাহ রাব্বুল আলামিন আমাদের তাওফিক দান করুন। আমিন।।



(মোঃ রেজাকুল হায়দার)

পরিচালক

ফোন:-০২৫৮-৮৮৬৩৯০৭

 তারিখ: ০১/১১/২০২৩ খ্রি.

স্মারক নং: ১৬.০১.০০০০.০২২.০১.০০১.১৭-১৬৪

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

১। বিভাগীয় কমিশনার, রাজশাহী।

২। ডিআইজি, রাজশাহী রেঞ্জ, রাজশাহী।

৩। পরিচালক, সমন্বয় বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।

৪। উপ পরিচালক..... জেলা, রাজশাহী বিভাগ।

৫। সংশ্লিষ্ট নথি।



পরিচালক

ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী।